# বাঞ্ছারামপুর উপজেলার পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মুহাঃ আবুল মনসুর
উপজেলা নির্বাহী অফিসার
বাঞ্ছারামপুর ব্রাহ্মণবাড়িয়া।

স্থান : উপজেলা নির্বাহী অফিসার-এর সম্মেলন কক্ষ।
তারিখ : ১৪ ফেব্রুয়ারী ২০২৪ খ্রিঃ
সময় : বেলা ১২.৩০ ঘটিকা
উপস্থিতি : উপস্থিতি পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানান। তিনি কমিটির সদস্য-সচিব রেঞ্জ বন কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়াকে সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য-সচিব সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

১। বন বিভাগের চারা উত্তোলনঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সদস্য-সচিব সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বৎসরে বন বিভাগ কর্তৃক বাঞ্ছারামপুর উপজেলা নার্সারী কেন্দ্রে বিক্রয়/ বিতরণের চারা মজুদ থাকায় নতুন চারা উত্তোলন করা হবে না এবং মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে ৫,০০০ টি বিভিন্ন প্রজাতির বনজ, ফলজ ও ভেষজ চারা উত্তোলনের বরাদ্ধ পাওয়া গিয়েছে। চারা উত্তোলনের বিষয়ে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির অনুমোদন প্রয়োজন। | বাঞ্ছারামপুর উপজেলা নার্সারী কেন্দ্রে বিক্রয়/বিতরণের মজুদ চারার গুনগত মান পরিচর্যা করে ভাল করতে হবে এবং মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে ৫,০০০টি বিভিন্ন প্রজাতির বনজ, ফলজ ও ভেষজ চারা যথাসময়ে উত্তোলন করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা বাঞ্ছারামপুর ব্রাহ্মণবাড়িয়া। |

২। উন্নয়নমূলক কাজের জন্য বন বিভাগ কর্তৃক রোপিত গাছ কর্তন ও অপসারনঃ-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সদস্য-সচিব সভায় জানান যে,নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ. ব্রাহ্মণবাড়িয়ার দপ্তরের স্মারক নং ৩৫.০১.১২১৩.৪০৬.১৪.৩৫৮.২১.১৭৬৭ তারিখঃ ০৫/১০/২০২৩ খ্রিঃ মূলে "ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর-নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়ক প্রশস্থকরণ ও উন্নয়ন"প্রকল্প অনুমোদন হওয়ায় সড়কের উভয় পার্শ্বে বিদ্যমান বিভিন্ন প্রজাতির গাছগুলো নিলামে বিক্রয়ের নিমিত্ত সদস্য-সচিব জানানঃ-<br>(১) ১৯৯৫-৯৬ সনে সৃজিত চরছয়ানি হতে কড়ইকান্দি পর্যন্ত------ ২.০ কিঃমিঃ<br>(২) ১৯৯৫-৯৬ সনে সৃজিত বাঁশগাড়ি হতে দশানি পর্যন্ত---------- ১.০ কিঃমিঃ<br>(৩) ১৯৯২-৯৩ সনে সৃজিত দূর্গারামপুর হতে আসাদনগর পর্যন্ত---- ১.০ কিঃমিঃ<br>(৪) ২০১০-১১ সনে সৃজিত আসাদনগর হতে ফতেহপুর বাজার পর্যন্ত ২.০ কিঃমিঃ<br>(৫) ২০০০-০১ সনে সৃজিত শেখেরকান্দি হতে উজানচড় পর্যন্ত -----২.০ কিঃমিঃ<br>(৬) ২০০০-০১ সনে সৃজিত খোশকান্দি হতে ধারিয়ারচর পযন্ত---১.০ কিঃমিঃ<br>-------------------------------------------<br>মোট = ৯.০০ কিঃমিঃ<br>উক্ত ৬.০০ কিঃমিঃ বাগানের ৯৬৯ টি গাছ মার্কিং করতঃ পরিমাপ করে বিবিধ কাঠ যোগ্য ৮৩০ টি গাছ = ৬.৫৭২.৪৫ ঘনফুট কাঠ, জ্বালানীযোগ্য ৬৯ টি গাছসহ মোট জ্বালানী ৫.৯২০.০০ ঘনফুট এবং ৭০ টি বল্লী পাওয়া যায়। যার আনুমানিক বাজার মূল্য ১৮,৮২,৩৪০/-। করা হবে। সহকারী কশিশনার(ভূমি) প্রত্যায়ন অনুযায়ী ভূমি মালিকের অর্থ প্রদান করা যেতে পারে।<br>ক। বন অধিদপ্তর------------ ১০%<br>খ। ভূমির মালিক------------- ২০%<br>গ। উপকারভোগী গ্রুপ-------- ৫৫%<br>ঘ। স্থানীয় ইউনিয়ন পরিষদ---- ০৫%<br>ঙ। বৃক্ষরোপণ তহবিল-------- ১০%<br>-----------------------------<br>মোট = ১০০%<br>উল্লেখিত গাছসমূহ কর্তন ও অপসারনের জন্য উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির অনুমোদন প্রয়োজন। | "ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর-নবীনগর-শিবপুর-রাধিকা আঞ্চলিক মহাসড়ক প্রশস্থকরণ ও উন্নয়ন"প্রকল্প অনুমোদন হওয়ায় উল্লেখিত বাগানের উভয় পার্শ্বের দন্ডায়মান গাছগুলো উন্নয়নমূলক কাজের স্বার্থে বিক্রয় এবং বিক্রিত টাকার লভ্যাংশ সামাজিক বনায়ন বিধিমালা'২০০৪(২০১০ ইং সনে সংশোধিত) এর বিধি অনুযায়ী বন্টন করা হবে এবং উন্নয়ন মূলক কাজ শেষে পুনরায় ২য় আর্বতের বাগান সৃজনের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে নিলামে বিক্রির নিমিত্ত জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।<br>রেঞ্জ বন কর্মকর্তা ব্রাহ্মণবাড়িয়া। |

(অঃপাঃদ্রঃ)

২। উন্নয়নমূলক কাজের জন্য বিভিন্ন সরকারি সংস্থা/প্রতিষ্ঠানে মরা এবং ঝুঁকিপূর্ণ গাছ কর্তন ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সদস্য-সচিব সভায় আরো জানান বন বিভাগ কর্তৃক বাঞ্ছারামপুর উপজেলা নার্সারী কেন্দ্রের পার্শ্বে ঝড়েপড়া বিনষ্ট ৫ টুকরা রেইনটি কাঠ = ২৫.২০ ঘনফুট আনুমানিক বাজার মূল্য ৫,০৪০/- টাকা এবং জেলা পরিষদের ডাক বাংলোর ভিতরে কর্তিত অবস্থায় ২২ টুকরা মেহগিনি কাঠ = ৬৫.৩০ ঘনফুট (আংশিক নষ্ট) আনুমানিক বাজার মূল্য ১৯,৫৯০/- টাকা। নিলামে বিক্রয়ের বিষয়ে উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির অনুমোদন প্রয়োজন। | বাঞ্ছারামপুর উপজেলা নার্সারী কেন্দ্রের পার্শ্বে ঝড়েপড়া বিনষ্ট ৫ টুকরা ২৫.২০ ঘনফুট কাঠ এবং জেলা পরিষদের ডাক বাংলোর ভিতরে কর্তিত অবস্থায় ২২ টুকরা = ৬৫.৩০ ঘনফুট বিক্রয় ও অপসারনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে নিলামে বিক্রির নিমিত্ত জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটিতে উপস্থাপন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার বাঞ্ছারামপুর,ব্রাহ্মণবাড়িয়া। রেঞ্জ বন কর্মকর্তা ব্রাহ্মণবাড়িয়া। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/২/২৪

(মুহাঃ আবুল মনসুর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি
বাঞ্ছারামপুর ব্রাহ্মণবাড়িয়া।

তারিখঃ- ১৪/০২/২০২৪ খ্রিঃ

পত্র নং-২২.০১.০০০০.৪২৭.৩৩.০০১.২০২৪.৩৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ

১। মাননীয় সংসদ সদস্য ব্রাহ্মণবাড়িয়া-৬ ও কমিটির সম্মানিত উপদেষ্টা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। জেলাপ্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
২। বিভাগীয় বন কর্মকর্তা ,কুমিল্লা সামাজিক বন বিভাগ।
৩। চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
৫। সহকারী বন সংরক্ষক ,সামাজিক বনায়ন জোন, ব্রাহ্মণবাড়িয়া।
৬। মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
৭। উপজেলা --------------- অফিসার, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
৮। জনাব---------------------------------------- বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।
৯। অফিস নথি।

১৪/২/২০২৪

(মোঃ শাহজাহান)
রেঞ্জ বন কর্মকর্তা
ও
সদস্য-সচিব
উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি
বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।